গাংনীতে জমি নিয়ে ভাইয়ে ভাইয়ে বিরোধ, আহত-৭

মেহেরপুরের গাংনীর রাধাগোবিন্দপুর ধলা গ্রামে জমিজমা সংক্রান্ত বিরোধে আপন দুই ভাইয়ের মধ্যে সৃষ্ট সংঘর্ষে উভয় পক্ষের নারীসহ সাতজন আহত হয়েছেন।

শনিবার (৩১ ডিসেম্বর) বিকেল ৪টার দিকে এ ঘটনা ঘটে। আহতরা হলেন, রাধাগোবিন্দপুর ধলা গ্রামের মৃত পচা শেখের নওয়া ছেলে মহিরউদ্দীন (৬৫), ইদ্রিস আলীর স্ত্রী রঙ্গিলা খাতুন (৫৫),তার ছেলে লাল মিয়া
(২৫) ও বিজয় হোসেন (১৭)। এসময় মহিরুদ্দীনের লোকজনের হামলায় আহত হয় ছোট ভাই ছাবের আলী ও তার লোকজন। আহতদের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও মেহেরপুর জেলারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আহত লাল মিয়া জানান,জমির সীমানা প্রাচীর(বেড়া) দেয়াকে কেন্দ্র করে তাদের মধ্যে কথা কাটাকাটি শুরু হয়। একপর্যায়ে দেশীয় অস্ত্র নিয়ে সাবের আলী ও তার ছেলে জহিরুল ইসলাম ও স্ত্রী জরিনা খাতুন হামলা চালায়। পরে স্থানীয়রা মহিরউদ্দিন,রঙ্গিলা ও লাল মিয়াকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। অন্যান্যদের মেহেরপুর জেনারেল হাসাপাতালে ভর্তি করা হয়েছে।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার আশিকুর রহমান জানান,মহিউদ্দিন,রঙ্গিলা ও লাল মিয়ার মাথা,মুখ ও হাতে দেশীয় অস্ত্রের একাধিক আঘাতের চিহ্ন রয়েছে। তবে তারা সকলেই শংকামুক্ত।

রাধাগোবিন্দপুর ধলা গ্রামের স্থানীয় ইউপি সদস্য ফারুক হোসেন জানান, মহিরউদ্দীন ও ছাবের আলী আপন দুই ভাই। তাদের জমিজমা নিয়ে দির্ঘ দিনের বিরোধ। মাঝে মধ্যেই এই নিয়ে ঝগড়া হতো। আজকে তারা কথা কাটাকাটির এক পর্যায়ে দেশীয় অস্ত্র নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে। উভয় পক্ষের লোকজনই আহত হয়েছে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, বিষয়টি শুনেছি। এখন পর্যন্ত লিখিত অভিযোগ পাইনি,অভিযোগ পেলে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

আত্মনির্ভরশীলতা অর্জনের অঙ্গীকারে গণগবেষক সম্মেলন

যৌথ চিন্তার মাধ্যমে দারিদ্র বিমোচনের বিকল্প পথ অনুসন্ধানে সম্প্রতি গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে দিনব্যাপী অনুষ্ঠিত হলো গণগবেষক সম্মেলন।

দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের সহযোগিতায় গাংনী উপজেলা গণগবেষণা ফোরাম এই সম্মেলনের আয়োজন করে। গণগবেষণা সস্মেলন প্রস্তুতি কমিটির আহবায়ক আব্দুর রবের সভাপত্তিত্বে অনুষ্ঠিত সম্মেলনটি উদ্বোধন করেন, উপজেলা চেয়ারম্যান এম খালেক। উদ্বোধন শেষে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে।

গাংনী হাই স্কুল মাঠে অনুষ্ঠিত এই সম্মেলনে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, দি হাঙ্গার প্রজেক্ট বাংদেশের কান্ট্রি ডিরেক্টর ড. বদিউল আলম মজুমদার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নাসিমা খাতুন, দি হাঙ্গার প্রজেক্টের ডেপুটি ডিরেক্টর জমিরুল ইসলাম, আঞ্চলিক সমন্বয়কারী খোরশেদ আলম প্রমুখ।

সম্মেলনে আয়োজকরা জানান, গাংনী উপজেলার ৯টি ইউনিয়নে ২৫০টি গণগবেষণা সমিতির মাধ্যমে ১০ হাজার মানুষ সংগঠিত হয়ে গণগবেষণা পদ্ধতিতে স্থানীয় সমস্যা ও তার কারণ অনুসন্ধান করে ক্ষুধা এবং দারিদ্র থেকে মুক্তি জন্য নানামূখী উদ্যোগ গ্রহণ করে আত্মনির্ভশীলতা অর্জনের চেষ্টা করছেন। তারা ইতিমধ্যে সাড়ে তিন কোটি টাকার নিজস্ব তহবিল গড়ে তুলে নিজেদের আর্থিক উন্নয়নের পাশাপাশি বাল্যবিয়ে, নারী নির্যাতন, স্যানিটেশন, সরকারি সেবা প্রাপ্তি, সামাজিক সস্প্রীতি তৈরীতে গুরুত্বপূর্ণ অবদান রাখছেন। এই সস্মেলনে থেকে গণগবেষক প্রতিনিধিরাদের পারস্পরিক অভিজ্ঞতা বিনিময় এবং নতুন নেতৃত্ব তৈরীর মাধ্যমে গণগবেষণা কাজকে এগিয়ে নিয়ে যাবেন বলে প্রত্যাশা করছেন।

প্রধান অতিথির বক্তব্যে দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর ড. বদিউল আলম মজুমদার বলেন, আমরা বিশ্বাস করি, মানুষ যদি তার নিজের শক্তিকে আবিস্কার করতে পারে, সে যদি সংগঠিত হয়ে

যৌথভাবে চিন্তা করে, নিজেরা নিজেদের সমস্যার কারন খুঁজে বের করে যৌথ উদ্যোগ নেয় তাহলে স্থানীয় সমস্যার সমাধান করা সম্ভব। আপনারা গণগবেষণার মাধ্যমে আজ দশহাজার মানুষ সংগঠিত। আপনার নিজেরাই নিজেদের ভাগ্যের কারিগর হয়ে উঠেছেন। আপনাদের নিজস্ব তহবিল হয়েছে, নিজস্ব বিনিয়োগ ব্যবস্থাপনার মাধ্যমে আর্থিক অবস্থার উন্নয়ন করতে সক্ষম হয়েছেন।

আলোচলা সভা শেষে প্রধান অতিথি অন্যান্য অতিথিদের নিয়ে গণগবেষকদের বিভিন্ন স্টল পরিদর্শন করেন।

প্রকৌশলীকে লাঞ্ছিত করা কৃষক লীগ নেতার বিরুদ্ধে কোন ব্যবস্থা নিচ্ছে না সংগঠন

রাজধানীর জাতীয় জাদুঘরের সামনে প্রবীণ প্রকৌশলী ম. ইনামুল হককে লাঞ্ছিত করার অভিযোগ উঠলেও ওই কৃষকলীগ নেতার বিরুদ্ধে কোন ব্যবস্থা নিচ্ছে না সংগঠনটি। সংগঠনটির জেলা সম্পাদক বলেছেন, প্রকৌশলীও ভুল করেছেন, কৃষক লীগ নেতাও ভুল করেছেন। প্রকৌশলী যদি জাতীর সামনে ক্ষমা চান, তাহলে কৃষকলীগ নেতাও ক্ষমা চাইবে।

লাঞ্ছিতকারী ওই ব্যক্তি হলেন মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়নের কৃষক লীগের সভাপতি বানি আমিন। তিনি বেতবাড়িয়া গ্রামের মৃত আফতাব আলীর ছেলে। তার বিরুদ্ধে একটি হত্যা মামলা ছিলো। যা থেকে তিনি অব্যহতি পেয়েছেন।

লাঞ্ছিত করার ভিডিওটি ছড়িয়ে পড়লে ঘটনাটি সবার সামনে আসে। গত শনিবার রাজধানীর শাহবাগে জাতীয় জাদুঘরের সামনে এই ঘটনা ঘটে।

লাঞ্ছিত হওয়া ওই ব্যক্তি হলেন সর্বজন বিপ্লবী দলের আহ্বায়ক ম. ইনামুল হক। পেশায় তিনি নদী গবেষণা ইনস্টিটিউট বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরসহ বেশ কয়েকটি সরকারি সংস্থার সাবেক মহাপরিচলক ছিলেন। তিনি জানান, প্রতি শনিবার তিনি দলের পক্ষে

শাহবাগে জাতীয় জাদুঘরের সামনে প্রচারপত্র বিতরণসহ বিভিন্ন পথসভার আয়োজন করেন। ওই দিন আওয়ামী লীগের সম্মেলনকে কেন্দ্র করে তিনি কোনো কর্মসূচি দেননি।

এ বিষয়ে বানি আমিন এর আগে বলেছিলেন, আওয়ামী লীগের কাউন্সিলের অনুষ্ঠানে যোগ দিতে ঢাকা গিয়েছিলেন। জাদুঘরের সামনে ওই ব্যক্তি আওয়ামী লীগের সভাপতির বিরুদ্ধে বিষোদগার করছিলেন দেখে তিনি ক্ষুব্ধ হয়ে ছিলেন। বিষয়টি নিয়ে তিনি এখন লজ্জিত। তবে এ রিপোর্ট লেখা পর্যন্ত গত মঙ্গলবার বিকাল পর্যন্ত তার ফোন বন্ধ পাওয়া যায়।

গাংনী উপজেলা কৃষক লীগের সভাপতি আতিয়ার রহমান বলেন, দলীয় সভানেত্রী কটাক্ষ করে কথা বলায় বানি আমিন তা মেনে নিতে না পেরে থাপ্পড় দিয়েছেন। তবে এটা করা তার ঠিক হয়নি। তিনি কথা বলেই তার প্রতিবাদ করতে পারতেন। আমরা বানি আমিনকে বলেছি, এটা করা ঠিক হয়নি। তবে দলীয় কোন সিদ্ধান্ত নেওয়া হয়নি।

জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন বলেন, আওয়ামী লীগের সম্মেলনের দিনে বিএনপির মত দল ঢাকাতে কোন কর্মসূচী রাখেনি। কিন্তু ওই প্রকৌশলী সম্মেলনের অদূরে প্রধানমন্ত্রীকে কটাক্ষ করে উস্কানি দিচ্ছিলেন। এ ঘটনায় বানি আমিন বয়স্ক মানুষকে থাপ্পড় মেরে ভুল করেছেন, ঠিক তেমনি তিনিও ভুল করেছেন। তিনি যদি জাতীর সামনে ক্ষমা চান, তাহলে বানি আমিনও ক্ষমা চাইবে।

গাংনীতে মিথ্যা মামলা দিয়ে হয়রানীর প্রতিবাদে সংবাদ সম্মেলন

গাংনীর বাঁশবাড়িয়া গ্রামে ডাকাতির নাটক সাজিয়ে ষড়যন্ত্রমুলকভাবে আওয়ামীলীগ যুবলীগের নেতাকর্মীদের নামে মিথ্যা মামলা দিয়ে হয়রানীমুলক কর্মকাণ্ডের বিরুদ্ধে সংবাদ সম্মেলন করেছে স্থানীয় আওয়ামীলীগ নেতাকর্মী ও গ্রামবাসি।

আজ মঙ্গলবার বিকেলে বাঁশবাড়িয়া বাজারে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। সংবাদ সম্মেলনে এ ঘটনার তীব্র প্রতিবাদ ও ষড়যন্ত্রকারীদের বিচার দাবী করা হয়।

স্থানীয় গ্রামবাসির পক্ষে লিখিত বক্তব্য পাঠ করেন, গাংনীর ১নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সাবেক সভাপতি মীর আব্দুল হামিদ। লিখিত বক্তব্যে বলা হয়, গত ২২ নভেম্বর বাঁশবাড়িয়ার দক্ষিণ পাড়ার শরীফ হুজুর চক্রান্ত করে নিজ বাড়িতে ডাকাতীর নাটক সাজিয়ে আওয়ামীলীগ ও যুবলীগ নেতাকর্মীদের বিরুদ্ধে গাংনী থানায় মামলা দায়ের করেন।

এর মধ্যে একজন হোটেল ব্যবসায়ী, ছাত্র, প্রবাস ফেরত যুবক ছাড়াও বিভিন্ন শ্রেণী পেশার লোকজন রয়েছেন। অনেকেই অবস্থান করছেন ঢাকায়।

লিখিত বক্তব্যে আরো জানান, শরীফ হুজুরের বাড়িতে নিয়মিত জামায়াত শিবির ও বিএনপির গোপন বৈঠক চলে। এ ঘটনাকে ধামাচাপা দিতে তিনি এহেন মিথ্যা অভিযোগ দায়ের করেন।

এছঅড়াও মামলার তদন্তকারী সংস্থা পুলিশের তদন্ত ও গ্রেপ্তার নিয়েও নানা অভিযোগ উত্থাপন করেন। সেই সাথে মামলাটির পুনঃতদন্তের দাবী জানানো হয়।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, ১নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি রহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক নিজাম উদ্দীন, গাংনী পৌরসভার সাবেক কাউনিসলর সামসুদ্দীন, মিজানুর রহমান, স্বেচ্ছা সেবকলীগের ওয়ার্ড সভাপতি আনিছুর রহমান ও স্থানীয় গণ্যমান্য ব্যাক্তি।

গাংনীতে ৩ ইটভাটা মালিকে দেড়লাখ টাকা জরিমানা

লাইসেন্স ছাড়া ইট প্রস্তুত ও বিপণনের দায়ে গাংনী উপজেলায় তিনটি ভাটাকে দেড়লাখ টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

সোমবার (২৬ ডিসেম্বর) বেলা সাড়ে ১১টার দিকে এ অভিযান পরিচালনা

করেন ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মৌসুমী খানম।

এসময় গাংনী উপজেলার পোড়াপাড়ার আরএসবিসি, ফাইভ স্টার ও মোয়াজ ব্রিক্স অভিযান চালিয়ে জরিমানা করেন ।

ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট মৌসুমী খানম বলেন, চলতি মৌসুমে বেশ কয়েকটি ইটভাটার মালিক অনুমোদন ছাড়াই ইট প্রস্তুত ও বিপণন করে আসছে যা আইনের পরিপন্থি। অভিযানে ভাটা মালিকরা তাদের দোষ স্বীকার করায় ইট প্রস্তুত ও ভাটা স্থাপন আইন ২০১৮ এর ১৫(১) ধারায় তিন ইটভাটা মালিকে ৫০ হাজার করে মোট দেড়লাখ টাকা জরিমানা করা হয়।

অভিযান পরিচালনার সময় গাংনী থানার একটি টিম সহায়তা করে।

গাংনীতে প্রাক্তন ভাবীর পর্ণগ্রাফি মামলায় দেবর গ্রেপ্তার

মেহেরপুরের গাংনীতে প্রাক্তন ভাবীর সাথে অন্তরঙ্গ মুহুর্তের ভিডিও ও ছবি সামাজিক যোগাযোগের মাধ্যমে ছড়িয়ে দেয়ার অপরাধে দেবর সাহাবুল(৩০) কে গ্রেপ্তার করেছে পুলিশ।

শুক্রবার রাতে ঢাকা কেরানীগঞ্জ থেকে গাংনী থানা পুলিশের একটি দল তাকে গ্রেপ্তার করে গাংনী থানায় নিয়ে আসে। সাহাবুল এ উপজেলার হাড়াভাঙ্গা হালসানা পাড়ার মৃত আব্দুর রহমানের ছেলে।

মামলার অভিযোগ সুত্রে জানা গেছে, গাংনীর পীরতলা গ্রামের সজিবর রহমানের মেয়ের সাথে হাড়াভাঙ্গা হালসানা পাড়ার মৃত আব্দুর রহমানের ছেলে আব্দুল হান্নানের সাথে বিয়ে হয় ২০০৮ সালে। বিয়ের কিছুদিন পর হান্নান বিদেশ গেলে দেবর সাহাবুলের সাথে গড়ে উঠে পরোকীয়া সম্পর্ক। ওই সময় সাহাবুল তার ভাবীর সাথে অন্তরঙ্গ মুহুর্তের কিছু ছবি ও ভিডিও মোবাইল ফোনে ধারণ করে রাখে।

এদিকে ওই গৃহবধু প্রবাসী স্বামী আব্দুল হান্নানকে তালাক প্রদান করে প্রতিবেশি আব্দুল কুদ্দুসের ছেলে মহিবুলকে বিয়ে করে। ভাইকে ছেড়ে অন্যজনের সাথে বিয়ে করায় সাহাবুল ওই পর্ণছবি ভিডিও সামাজিক যোগাযোগের মাধ্যমে ছড়িয়ে দেয়ার হুমকী দেয়। ভিডিও এবং ছবি ডিলিট করতে বললে সাহাবুল ১০ লাখ টাকা দাবী করে প্রাক্তন ভাবীর কাছে। এ ঘটনায় গাংনী থানায় একটি মামলা করেন ওই গৃহবধু। যার নং- ৩০, তাং- ০৩-১২-২২ ইং। মামলার পর থেকেই দেবর সাহাবুল পলাতক ছিলেন।

এদিকে সাহাবুলের অবস্থান নিশ্চিত হয়ে গাংনী থানা পুলিশের একটি দল ঢাকার কাশিমপুর এলাকা থেকে শুক্রবার রাতে তাকে গ্রেপ্তার করে। আজ শনিবার তাকে মেহেরপুর আদালতে প্রেরণ করা হয়।

একটি সুত্র জানায়, হান্নান বিদেশ যাবার পর একই সাথে সাহাবুল ও মহিবুলের সাথে পরোকীয়া সম্পর্ক করে ওই গৃহবধু। পরে স্বামীর পাঠানো নগদ ১৫ লাখ টাকা ও স্বর্ণালংকার নিয়ে মহিবুলের সাথে পালিয়ে যায়। এতে রাগান্বিত হয়ে পর্ণছবি ও ভিডিও সামাজিক যোগাযোগের মাধ্যমে ছড়িয়ে দেয় সাহাবুল। যদিও সাহাবুলের পরিবার বিষয়টি অস্বীকার করেছে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক গ্রেপ্তারের বিষয়টি নিশ্চিত করে জানান, ওই গৃহবধুর মামলা তদন্তে গিয়ে পর্ণছবি ও ভিডিও ছাড়ার প্রমাণ পাওয়া যায়। পরে সাহাবুলের অবস্থান নিশ্চিত হয়ে এসআই সাইফুল ও সঙ্গীয় ফোর্স নিয়ে তাকে গ্রেপ্তার করে। তাকে মেহেরপুর আদালতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে মৌমাছির কামড়ে একজনের মৃত্যু, আহত- ৪

মেহেরপুরের গাংনীর সাহারবাটি মাঠে শুক্রবার বেলা ১১টার দিকে মৌমাছির কামড়ে হায়দার আলী (৫৩) নামের এক কৃষকের মৃত্যু হয়েছে। একই সাথে আহত হয়েছেন আরো ৪ জন। আহতদেরকে মেহেরপুর সদর হাসপাতাল ও গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। মৃত হায়দার আলী সাহারবাটি গ্রামের তাহাজ উদ্দীনের ছেলে।

আহতরা হচ্ছেন- একই গ্রামের আছেদ আলীর ছেলে ফজলু(৪০), হায়দার আলীর ছেলে মাসুম(১৮), আনন্দ মণ্ডলের ছেলে হায়াত আলী(৬০) ও পঞ্জত আলীর ছেলে মোহাম্মদ আলী(৫৫)।

স্থানীয় ইউপি সদস্য আব্বাস আলী জানান, সাহারবাটি মাঠের একটি গাছে মৌমাছি বাসা বেঁধেছিল। হঠাৎ একটি বাজপাখি তাতে হানা দিলে মৌমাছিরা এদিক ওদিক ছুটতে থাকে। এসময় মাঠে কর্মরত লোকজনের উপর আক্রমন শুরু করে। মৌমাছির হুলে আহত হন হায়দার আলী, ফজলু, মাসুম, হায়াত আলী ও মোহাম্মদ আলী। ঘটনাস্থলেই মারা যান হায়দার আলী। অন্যান্যদেরকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রেরণ করা হয়।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্তব্যরত চিকিৎসক আবীর হাসান জানান, মৌমাছির হুলে আহত তিনজন আশংকামুক্ত। মোহাম্মদ আলী নামের একজনের অবস্থা গুরুতর হওয়ায় তাকে মেহেরপুর জেনারেল হাসপাতালে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে সাজাপ্রাপ্ত আসামীসহ দু’জন গ্রেপ্তার

মেহেরপুরের গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে সাজাপ্রাপ্ত আসামীসহ দু’জনকে গ্রেপ্তার করেছে।

বুধবার রাতে গাংনী থানা পুলিশের পৃথক দল অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করে। গ্রেপ্তারকৃতরা হচ্ছেন- গাংনীর বালিয়াঘাট গ্রামের রেজাউল হকের ছেলে রাসেল (৩২) এবং সহড়াবাড়িয়া গ্রামের ছের আলীর ছেলে হুমায়ন কবীর(৩৩)।

বৃহষ্পতিবার সকালে দুজনকে আদালতে প্রেরণ করা হয়েছে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, ধৃত রাসেল ইয়াবাসহ পুলিশের হাতে গ্রেপ্তার হয়। জামিনে এসে রাসেল পলাতক ছিল। ওই মামলায় বিজ্ঞ আদালত ছয় মাসের কারাদণ্ড প্রদান করেন। অপর দিকে,

হুমায়ন কবীরের বিরুদ্ধে মাদক মামলা রয়েছে। আদালত তার বিরুদ্ধে গ্রেপ্তারী পরওয়ানা জারী করায় তাকে গ্রেপ্তার করা হয়।

গাংনীতে ৯০ জনের মাঝে ৯ লাখ টাকার চেক বিতরণ

গাংনীতে তরুণ উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে আয়মুখী কাজে সহায়তার জন্য ৯০ জন হতদরিদ্রদের মাঝে চেক প্রদান করা হয়েছে।

বুধবার (২১ ডিসেম্বর) সকাল টার সময় উপজেলা নির্বাহী অফিসারের সস্মেলন কক্ষে আনুষ্ঠানিক ভাবে দি হাঙ্গার প্রজেক্টের উদ্যোগে এই চেক বিতরণ করা হয়।

জাতীয় কন্যা শিশু অ্যাডভোকেসি ফোরামের মেহেরপুর জেলা শাখার সভাপতি সিরাজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত চেক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এমএ খালেক, বিশেষ অতিথির বক্তব্য রাখেন, কাজীপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলম হুসাইন, রাইপুর ইউনিয়নের চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু, বামন্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ওবায়দুর রহমান কমল, দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর যশোর অঞ্চলের সমন্বয়ক খোরশেদ আলম।

দি হাঙ্গার প্রজেক্ট এর গাংনী সমন্বয়ক হেলাল উদ্দিনের সঞ্চালনায় অন্যন্যদের মধ্যে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা কৃষকলীগের সভাপতি আতিয়ার রহমান, রাইপুর ইউনিয়নের মেম্বর শামীম আহমেদসহ দি হাঙ্গার প্রজেক্টের বিভিন্ন ইউনিয়নের সমন্বয়ক ও সাংবাদিকবৃন্দ।